

MODEL QUESTION

Class-XII : POLITICAL SCIENCE : Pre-Board/Board Final Exam. : 2022-23 : Marks-80

I. সঠিক উত্তর বেছে নাও :-

1x10=10

1. রাশিয়ার মুদ্রার নাম -
(i) ফ্রাঁ (ii) রুবল
(iii) ডলার (iv) ইউরো
2. দক্ষিণ এশিয়া গড়ে উঠেছে -
(i) 5টি দেশ নিয়ে (ii) 7টি দেশ নিয়ে
(iii) 9টি দেশ নিয়ে (iv) 10টি দেশ নিয়ে
3. প্রথাগত নিরাপত্তার উপাদান হল -
(i) অস্ত্র নিয়ন্ত্রণ (ii) পারমাণবিক বিশ্বাস বা আস্থা স্থাপন
(iii) নিরস্ত্রীকরণ (iv) সবগুলি বিকল্প ঠিক
4. আমাদের সমবেত ভবিষ্যত নামে ব্রাস্তল্যান্ড প্রতিবেদনটি প্রকাশিত হয় -
(i) 1985 সালে (ii) 1986 সালে
(iii) 1987 সালে (iv) 1990 সালে
5. “বিশ্বায়ণ হল অর্থনৈতিক জীবনের বাস্তবতা” – বলেছেন -
(i) কোফি অন্নান (ii) কার্ল মার্কস
(iii) পিটার মার্কস (iv) অভিজিৎ বিনায়ক বন্দ্যোপাধ্যায়
6. ‘Indian Statistica Institute’-এর প্রতিষ্ঠাতা হলেন -
(i) কে.সি. কুমারাপ্পা (ii) পি.সি. মহলানবিশ
(iii) ভার্গিস কুরিয়েন (iv) সি. রজা গোপালচারী
7. ‘পঞ্চশীল’ চুক্তি স্বাক্ষরিত হয় -
(i) ভারত-পাকিস্তানের মধ্যে (ii) ভারত-বাংলাদেশের মধ্যে
(iii) ভারত-নেপালের মধ্যে (iv) ভারত-চীনের মধ্যে
8. ‘তুর্কমান গেইট’ অবস্থিত -
(i) নয়াদিল্লিতে (ii) করাচীতে
(iii) লাহবো-এ (iv) শ্রীনগরে
9. ‘অপারেশন ব্লুস্টার’ নামে সামরিক অভিযান চালানো হয় -
(i) 1980 সালে (ii) 1982 সালে
(iii) 1984 সালে (iv) 1985 সালে
10. প্রদত্ত কোনটি সঠিক -
(i) NDA গঠিত হয়েছিল 1999 সালে
(ii) UPA গঠিত হয়েছিল 2004 সালে
(iii) সংযুক্ত মোর্চা বা ইউনাইটেড ফ্রন্ট গঠিত হয়েছিল 1996 সালে
(iv) সবগুলি বিকল্প ঠিক

[Contd...P/2]

II. এক শব্দে বা বাক্যে নীচের প্রশ্নগুলির উত্তর দাও :-

1x20=20

11. বলশেভিক কমিউনিস্ট পার্টির প্রতিষ্ঠাতা কে ছিলেন ?
12. কোন দেশ 'মুক্ত দুয়ার নীতি' অবলম্বন করেছে ?
13. কাকে 'হান নদীতে চমৎকার' বলা হয় ?
14. তাসখন্দ চুক্তি কবে কাদের মধ্যে স্বাক্ষরিত হয় ?
15. সম্মিলিত জাতিপুঞ্জের প্রধান কার্যনির্বাহীকে কি বলা হয় ?
16. 'UNESCO'-র সদর দপ্তর কোথায় অবস্থিত ?
17. SAARC কী ?
18. 'দি রোমা ক্লাব' প্রকাশিত বইটির নাম কী ?
19. বিশ্বায়ণের মূল উপকরণ কি ?
20. 'অতিথি সেবায় বিলম্ব' -এর লেখক কে ?
21. কত সালে মেঘালয় পূর্ণরাজ্যের মর্যাদা পায় ?
22. 'Economy of Permanence' বইটির লেখক কে ?
23. 'NEFA' কী ?
24. 'আফ্রো-এশিয়ান' সম্মেলন অন্য কি নামে পরিচিত ?
25. কত সালে চীন আকসাই চীন এলাকায় সড়ক নির্মাণ করে ?
26. চারু মজুমদার কে ছিলেন ?
27. '.... Death of D.E.M.O. Cracy' এই বিজ্ঞাপনটি কত সালে কোথায় ছাপা হয় ?
28. 'পেরীয়ার' কথাটির অর্থ কি ?
29. পুরো নাম লিখ : BAMCEF.
30. 'মুসলিম উইমেন অ্যাক্ট' কবে পাস হয় ?

III. সংক্ষিপ্ত উত্তর দাও :- (40টি শব্দের মধ্যে)

2x5=10

31. অভিঘাত থেরাপি বলতে কী বুঝ ?
32. উদাহরণ সহ আভ্যন্তরীণ বাস্তুচ্যুত জনগণের সংজ্ঞা দাও।
33. বৈশ্বিক সমষ্টিগত এলাকা কাকে বলে ?
34. রাজ্য পুনর্গঠন কমিশনের দু'টি সুপারিশ উল্লেখ করো।
35. 'অপারেশন ফ্লাড' কী ?

IV. অনধিক 60টি শব্দের মধ্যে নীচের প্রশ্নগুলোর উত্তর দাও :-

3x2=6

36. আসিয়ান লক্ষ্য 2020-এর উপাদানগুলো উল্লেখ করো।
37. কখন কী উদ্দেশ্যে মন্ডল কমিশন গঠিত হয়েছিল ? এই কমিশনের প্রধান সুপারিশ কী ছিল ?

V. অনধিক আশিটি শব্দে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :-

4x6=24

38. সোভিয়েত ইউনিয়ন বিভাজনের ফলশ্রুতিতে বিশ্বরাজনীতির গতি প্রকৃতিতে যে ধরণের পরিবর্তন লক্ষ্য করা যায় তার সংক্ষিপ্ত বিবরণ দাও।

39. সম্মিলিত জাতিপুঞ্জের নিরাপত্তা পরিষদের দু'টি কার্যাবলী আলোচনা করো।
40. ভারত ও বিশ্বায়ণ পরস্পরকে কীভাবে প্রভাবিত করেছে ব্যাখ্যা করো।
41. বিদেশনীতি বলতে কী বোঝ ? নেহেরুর বিদেশনীতির মূল বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।
42. কখন কার নেতৃত্বে শাহ তদন্ত কমিশন গঠিত হয়েছিল ? এই তদন্ত কমিশন গঠনের মূল উদ্দেশ্য কী ছিল ?
43. পাঞ্জাব চুক্তির গুরুত্বপূর্ণ শর্তগুলি উল্লেখ করো।

VI. অনধিক 120 শব্দে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :-

5x2=10

44. ভারত-পাকিস্তানের মধ্যে সম্পর্ক অবনতির প্রধান প্রধান কারণসমূহ বিশ্লেষণ করো।

অথবা

সার্ক (SAARC) কখন কী উদ্দেশ্যে গঠিত হয় ? সার্ক-এর মূল নীতিগুলি উল্লেখ করো।

45. 1975 সালের জাতীয় জরুরী অবস্থার পরবর্তী সময় ভারতীয় রাজনীতিতে যে প্রভাব বিস্তার করেছিল তা আলোচনা করো।

অথবা

'লোক নায়ক' কাকে আখ্যা দেওয়া হয় ? ভারতীয় রাজনীতিতে তাঁর উল্লেখযোগ্য ভূমিকা আলোচনা করো।
